

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০১৬.২০১২. ১৫৫

তারিখ : ০৬ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ ।  
১৮ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ ।


অফিস আদেশ

যশোর জেলাধীন মণিরামপুর উপজেলার ০১নং হরিদাসকাটি ইউপি সদস্য জনাব মোঃ আব্দুল হামিদ এর বিরুদ্ধে রুজুকৃত ১৯৪৭ সালের দুর্নীতি দমন আইনের ৫(২) ধারাসহ ৪০৯ পেনাল কোডের আওতায় মণিরামপুর থানায় ০৩/১২/২০১২ তারিখে রুজুকৃত মামলা নং-০৫ বিজ্ঞ আদালত কর্তৃক আমলে গ্রহণ করা হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদ সদস্য এর বিরুদ্ধে মামলা বিচারাধীন থাকায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু উক্ত ইউপি সদস্যকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো ।

০২. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে ।


  
(সৈয়দ মোঃ নূরুল বাসির)  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০১৬.২০১২. ১৫৫

তারিখ : ০৬ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ ।  
১৮ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, যশোর ।
০২. উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর ।
০৩. জনাব মোঃ আব্দুল হামিদ, সদস্য, ০১ নং ওয়ার্ড (সাময়িকভাবে বরখাস্তকৃত), ০১ নং হরিদাসকাটি ইউনিয়ন পরিষদ, মণিরামপুর, যশোর ।
০৪. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।

  
(সৈয়দ মোঃ নূরুল বাসির)  
সিনিয়র সহকারী সচিব